JAN 22 2001

দৈনিক ইত্তেফাক

পৃষ্ঠা ১ কলাম ২

তৃতীয় বিভাগপ্রাপ্তদের এমপিওভুক্তি

# শিক্ষামন্ত্রীর সাথে সংসদে সরকারী এমপিদের উত্তপ্ত বিতর্ক

**সংসদ রিপোর্টার ঃ** তৃতীয় বিভাগপ্রাপ্ত স্কুল-কলেজ, মাদ্রাসা শিক্ষকদের এমপিওভুক্তি নিয়ে শিক্ষামন্ত্রীর সাথে সরকারী দলের এমপিদের উত্তপ্ত বিতর্ক হয়ে যায় গতকাল (রবিবার) সংসদ অধিবেশনে। সিরাজগঞ্জ-৪ আসনের সংসদ সদস্য আব্দুল লতিফ মির্জার তারকা চিহ্নিত এক প্রশ্নের জবাবে শিক্ষমন্ত্রী এ এস এইচ কে সাদেকের বক্তব্যকে কেন্দ্র করে এ বিতর্কের সৃষ্টি হয়। সম্পূরক প্রশ্নে আব্দুল লতিফ মির্জা জানতে চান, সরকার স্কুল-কলেজ, মাদ্রাসায় তৃতীয় বিভাগপ্রাপ্ত ব্যক্তিকে শিক্ষক নিয়োগ না করার সিদ্ধান্ত নিয়েছেন। যেসব শিক্ষা প্রতিষ্ঠানে ইতিমধ্যে তৃতীয় বিভাগপ্রাপ্ত ব্যক্তি শিক্ষক হিসাবে নিযুক্তি পেয়েছেন তাদের এমপিওভুক্ত করা হবে কি-না?

জবাবে শিক্ষামন্ত্রী বলেন, তৃতীয়

৮-এর পৃঃ ৫-এর কঃ দেখুন

## শিক্ষামন্ত্রীর সাথে বিতর্ক

প্রথম পৃষ্ঠার পর

বিভাগপ্রাপ্তদের শিক্ষক নিয়োগ করা কোন সময় বিধিতে ছিল না। এক পর্যায়ে সার্কুলার জারি করে প্রচলিত বিধির কার্যকারিতা স্থগিত করা হয়েছিল। শিক্ষক সমিতির সাথে চুক্তির পর আরেকটি সার্কুলার জারি করে আগের সার্কুলারের কার্যকারিতা বন্ধ করে দেয়া হয়।

শিক্ষামন্ত্রী উল্লেখ করেন, শিক্ষক সমিতি তৃতীয় বিভাগপ্রাপ্তদের নিয়োগ বন্ধ করার দাবীর সাথে সাথে ইতিমধ্যে নিয়োগপ্রাপ্ত তৃতীয় বিভাগপ্রাপ্ত শিক্ষকদের পদোন্নতি বন্ধ করারও দাবী জানিয়েছিল। প্রথমটি সরকার গ্রহণ করলেও শেষোক্তটি এখনো বিবেচনাধীন রয়েছে।

দিনাজপুরের সংসদ সদস্য মোস্তাফিজুর রহমান কিছু সম্পূরক প্রশ্নে শিক্ষামন্ত্রীর কাছে জানতে চান, কোন্ বিভাগে উত্তীর্ণদের শিক্ষক নিয়োগ করা হবে তা নির্ধারণ করার এখতিয়ার শিক্ষক সমিতির রয়েছে কিনা। সরকারের এ সিদ্ধান্তের কারণে ইতিমধ্যে বিরূপ প্রতিক্রিয়া দেখা দিয়েছে বলে তিনি উল্লেখ করেন।

শিক্ষামন্ত্রী বলেন, শিক্ষকদের প্রতিনিধি হিসাবে শিক্ষক সমিতির সাথে আলোচনা করে সিদ্ধান্ত নেয়া হয়েছে। এর বিপক্ষে কোন মতামত থাকলে শিক্ষকরা তাদের সমিতির কাছে বলতে পারে।